

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কলমাকান্দা, নেত্রকোণা।

বিষয়: উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির মার্চ/২০২২খ্রি: মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি: উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

সভার স্থান: উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) এর কার্যালয়, কলমাকান্দা, নেত্রকোণা।

সভার তারিখ: ১০/০৩/২০২২ খ্রি: সময়: সকাল ১১:০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহিত হয়। কলমাকান্দায় উপজেলায় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এ বিস্তারিত আলোচনা শেষে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	*নারীদের আর্থ সামাজিক উন্নয়ন ও সামাজিক সুরক্ষা কর্মসূচি। *বিবিধ	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন নারীদের আর্থ সামাজিক উন্নয়ন ও সামাজিক সুরক্ষা কর্মসূচীর মধ্যে বর্তমানে কাজ চলছে “দুস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচী। ভিজিডি কর্মসূচীর আওতায় দুস্থ, অসহায়, বিধবা, স্বামী পরিত্যক্তা নারীদের ২ (দুই) বছর ৩০ কেজি করে খাদ্য (চাল) সহায়তা প্রদান করা হয়। ২০২০-২০২১ চক্রে কলমাকান্দা উপজেলা সর্বমোট=১৭৭১ জন উপকারভোগী রয়েছে। উপকারভোগীগণ প্রতি মাসে ৩০ কেজি করে খাদ্য সহায়তার পাশাপাশি মাসিক দুইশত টাকা করে সঞ্চয় জমা করেছেন। যা ২ (দুই) বছর শেষে মুনাফা সহ প্রায় ৫ (পাঁচ) হাজার টাকা ফেরত পাবেন। এছাড়া উপকারভোগীদের নির্বাচিত এনজিওর মাধ্যমে সচেতনতা এবং জীবনদক্ষতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। চক্র শেষে উপকারভোগীগণ লক্ষ্যকৃত প্রশিক্ষণকে কাজে লাগিয়ে প্রাপ্ত সঞ্চয় দিয়ে নিজেকে স্বাবলম্বী করতে পারবে। এ বিষয় এনজিও সংস্থা এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হইতে সহযোগীতা করা হয়। প্রশিক্ষণে ভিডলিউবি উপকারভোগীগণ কে তার পরিবারের কোন বাল্য বিবাহ হতে দিব না এ মর্মে অঙ্গীকার করানোর ‘ যদি কার্ড ধারীর পরিবারে বাল্য বিবাহ সংগঠিত হয় তবে কার্ড ধারীর কার্ড বাতিল করা হবে। বিষয়টিকে গুরুত্বের সাথে নেওয়া কথা আলোচনা করা হয়। এত করে কলমাকান্দা উপজেলায় অন্তত ১৭৭১টি পরিবারে বাল্য বিবাহ মুক্ত থাকবে বলে আশা করা হয়। এ বিষয়টি প্রতিষ্ঠিত করতে পরলে ভবিষ্যতে এ সকল প্রকারের ভাতাভোগীকে এই অঙ্গীকার করাতে পারলে কলমাকান্দা উপজেলা কে অনেকাংশে বাল্য বিবাহ মুক্ত রাখা সম্ভব হবে বলে আলোচনা করা হয়।	খাদ্য বিতরণ ও সঞ্চয় আদায়ে সচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করানোর লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন করানো সিদ্ধান্ত গৃহিত হয়। *উপকারভোগীদের নির্বাচিত এনজিওর মাধ্যমে সচেতনতা এবং জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি উপজেলায় চলমান আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষকদের মাধ্যমে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। ফেরত প্রাপ্ত সঞ্চয় আত্মকর্মসংস্থানে ব্যয় তা মনিটরিং এর জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়। কলমাকান্দা উপজেলাকে বাল্য বিবাহ মুক্ত করতে ভিজিডি উপকারভোগীগণ কে তার পরিবারে কোনো বাল্য বিবাহ হতে দিবে না এই মর্মে অঙ্গীকার/শপথনামা করানোর সিদ্ধান্ত হয়।	*উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউনিয়ন ট্যাগ অফিসারগণ এবং সংশ্লিষ্ট ইউপি পরিষদ।